| ক্র. নং | উৎসে কর কর্তনের খাত | সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি | উৎসে আয়কর কর্তনকারী/ সংগ্রহকারী কর্তৃপক্ষ | কর কর্তনের হার |
|---|---|---|---|---|
| ১৬। | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার ইত্যাদি কে ভাড়া প্রদান | ধারা-52P | ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠান | ৫% হারে |
| ১৭। | পণ্য আমদানী | ধারা-53 ও বিধি-17A | কমিশনার অব কাস্টম্স | আমদানী মূল্যের ২০% এর অধিক নয় |
| ১৮। | বাড়ী ভাড়া | ধারা-53A | ভাড়াটিয়া প্রতিষ্ঠান | বাড়ি ভাড়ার ৫% হারে |
| ১৯। | পণ্য বা সম্পত্তি নিলামে বিক্রয় | ধারা-53C ও বিধি-17D | টেন্ডার, নিলাম, ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ | টেন্ডার, নিলাম, ইজারা মূল্যের ১০% হারে |
| | | | চা নিলামের ক্ষেত্রে | নিলাম মূল্যের ১% হারে |
| ২০। | কমিশন, ডিসকাউন্ট, ফিস ইত্যাদি | ধারা-53E | কমিশন প্রদানকারী কর্তৃপক্ষ/ব্যক্তি | ১০% হারে |
| ২১। | বিদেশী ক্রেতার এজেন্টকে কমিশন বা রেমুনারেশন পরিশোধ | ধারা-53EE | ব্যাংক | ১০% হারে |
| ২২। | সঞ্চয়ী আমানত/স্থায়ী আমানতের সুদ | ধারা-53F ও বিধি-17H | সুদ প্রদানকারী কর্তৃপক্ষ | প্রদেয় সুদের উপর ১০% টিআইএন না থাকলে প্রদেয় সুদের উপর ১৫% |
| ২৩। | রিয়াল এস্টেট বা ভূমি উন্নয়ন ব্যবসা | ধারা-53FF | রিয়াল এস্টেট, ল্যান্ড ডেভোলপমেন্ট ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ক) আবাসিক ফ্ল্যাটের জন্য: i. সিটি কর্পোরেশন এলাকার মধ্যে প্রতি বর্গমিটার টাঃ ৭০০. ii. সিটি কর্পোরেশনের এলাকার বাইরে প্রতি বর্গমিটার টাঃ ৩০০. খ) বাণিজ্যিক ফ্ল্যাটের জন্য: i.সিটি কর্পোরেশন এলাকার মধ্যে প্রতি বর্গমিটার টাঃ ২,৫০০. ii. সিটি কর্পোরেশনের এলাকার বাইরে প্রতি বর্গমিটার টাঃ ১,২০০. গ) জমির ক্ষেত্রে দলিল মূল্যের ৩% হারে |
| ২৪। | সম্পত্তি হস্তান্তর | ধারা-53H | দলিল রেজিস্ট্রিকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ক) সিটি কর্পোরেশন এলাকায় দলিল মূল্যের ৩% হারে। খ) জেলা সদর পৌরসভা এরাকায় দলিল মূল্যের ৩% হারে গ) অন্যান্য পৌরসভা এলাকায় দলিল মূল্যের ২% হারে ঘ) অন্য যে কোন এলাকা যা শিডিউল (a), (b) এবং (C) তে উল্লেখ নেই, সে সকল এলাকায় দলিল মূল্যের ১% হারে। |
| ২৫। | সম্পত্তির লীজ প্রদান | ধারা-53HH | নিবন্ধনকারী কর্তৃপক্ষ | ৪% হারে |
| ২৬। | ডাকঘর সঞ্চয় ব্যাংক হিসাবে জমার উপর সুদ | ধারা-53I | ডাকঘর সঞ্চয় ব্যাংক হিসাবে সুদ প্রদানে দায়িত্বপাপ্ত ব্যক্তি | প্রদেয় সুদের উপর ১০% হারে |
| ২৭। | খালি জমি, প্লান্ট বা মেশিনারী ভাড়া | ধারা-53J | ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠান | ৫% হার |
| ২৮। | সংবাদপত্র, সাময়িকী, বেসরকারী টেলিভিশন চ্যানেল, বেসরকারী রেডিও স্টেশন, ইত্যাদিতে প্রচারিত বিজ্ঞাপন বা এয়ার টাইম ক্রয়ের বিল পরিশোধ | ধারা-53K | বিজ্ঞাপনদাতা | ৪% হারে |
| ২৯। | রিয়েল এস্টেট ডেভলপার কর্তৃক জমির মালিককে অর্থ পরিশোধ | ধারা-53P | রিয়েল এস্টেট ডেভলপার কর্তৃপক্ষ | ১৫% হারে |
| ৩০। | লভ্যাংশ/ডিভিডেন্ড | ধারা-54 | লভ্যাংশ প্রদানকারী কর্তৃপক্ষ | (ক) কোম্পানী করদাতা ২০% হারে (খ) ব্যক্তি করদাতা ১০% হারে |
| ৩১। | লটারী আয় | ধারা-55 | লটারীর টাকা প্রদানকারী কর্তৃপক্ষ | ২০% হারে |

- কর অঞ্চল-রংপুর এর অনুকূলে উৎসে কর কর্তনকৃত/সংগৃহীত আয়কর চালানের মাধ্যমে জমার ক্ষেত্রে হিসাবের খাত:
- কোড নং- **১-১১৪১-০০৬৫-০১০১** (কোম্পানীর করদাতাদের জন্য)
- কোড নং- **১-১১৪১-০০৬৫-০১১১** (কোম্পানী ব্যতীত করদাতাদের জন্য)
- কোন ব্যক্তি/প্রতিষ্ঠান উৎসে কর কর্তন/সংগ্রহে ব্যর্থ হলে বা উৎসে কর্তিত/সংগৃহীত কর কর্তন/সংগ্রহের ২১ দিনের মধ্যে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৯ ও বিধি ১৩ মোতাবেক সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থ হলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৭ অনুযায়ী জরিমানা আরোপ করার এবং সংশ্লিষ্ট উৎসে কর্তন/সংগ্রহকারী কর্তৃপক্ষকে খেলাপী করদাতা হিসাবে গণ্য করার বিধান রয়েছে।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৮(৩) ধারা মোতাবেক উৎস কর কর্তনকারী/সংগ্রহকারী কর্তৃপক্ষ প্রতি মাসে বিভিন্ন খাতে যে উৎসে কর কর্তন/সংগ্রহ করেন তার তথ্য আয়কর বিধিমালা, ১৯৮৪-এর বিধি ১৮-তে বিধৃত বিবরণী মোতাবেক আয়কর কর্তপক্ষের নিকট প্রেরণ করবেন। উক্ত বিবরণী যথাসময়ে আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণে ব্যর্থ হলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১২৪ অনুযায়ী জরিমানার বিধান রয়েছে।
- উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত তথ্যের জন্য নিম্নোক্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে:


১. উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-রংপুর।
ফোন-০৫২১-৬১৭৭৩

২. উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রায়োগিক)
কর অঞ্চল-রংপুর
ফোন-০৫২১-৬১৭৭৪


**"উন্নয়ন ও উত্তরণ, আয়করের অর্জন"**

## কর কমিশনার
### কর অঞ্চল-রংপুর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত বুকলেট





## কর কমিশনারের কার্যালয়
## কর অঞ্চল-রংপুর

**কর ভবন, কাচারী বাজার, রংপুর**
ফোন: ০৫২১-৬১৭৭২, ফ্যাক্স: ০৫২১-৬১৭৮০
ই-মেইল: taxeszone_rangpur@yahoo.com
ওয়েব সাইট: tzr.gov.bd

সবাই মিলে দেব কর
দেশ হবে স্বনির্ভর

উন্নয়নের অক্সিজেন রাজস্ব
জনকল্যাণে রাজস্ব

# উৎসে আয়কর কর্তন/সংগ্রহ এবং কর অঞ্চল-রংপুরের জন্য প্রযোজ্য সরকারী কোষাগারে জমাদান বিষয়ক তথ্য

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সপ্তম অধ্যায় (Payment of tax before assessment)-এর বিভিন্ন ধারা মোতাবেক সংশ্লিষ্ট খাতসমূহ হতে কর অঞ্চল-রংপুরের অধিক্ষেত্রাধীন জেলার (রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়) উৎসে কর কর্তনকারী/সংগ্রহকারী কর্তৃপক্ষের জন্য কর কর্তন/সংগ্রহের সর্বশেষ হার, উৎসে কর কর্তনের/সংগ্রহের বিধানাবলী ও উৎসে কর্তিত/সংগৃহীত কর চালানের মাধ্যমে কর অঞ্চল-রংপুর এর অনুলে সরকারি কোষাগারে জমাদানের প্রয়োজনীয় তথ্য সংক্ষেপে নিম্নে প্রদত্ত হলোঃ

অর্থ আইন, ২০২১ অনুযায়ী সংশোধিত

| ক্র. নং | উৎসে কর কর্তনের খাত | সংশ্লিষ্ট আইনের ধারা/বিধি | উৎসে আয়কর কর্তনকারী/ সংগ্রহকারী কর্তৃপক্ষ | কর কর্তনের হার |
|---|---|---|---|---|
| ১। | বেতনাদি (Salaries) | ধারা-50 | নিয়োগকর্তা বা বেতন পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা | (ক) গড় হারে উৎসে কর কর্তন করতে হবে<br>(খ) বাংলাদেশী নয় এমন অনিবাসীদের ক্ষেত্রে ৩০% হারে |
| ২। | (ক) কোন চুক্তি সম্পাদন (Chapter VII এর অন্য কোন ধারায় উল্লিখিত কোন সেবা প্রদান সংশ্লিষ্ট চুক্তি ব্যতীত);<br>(খ) দ্রব্যাদি সরবরাহ;<br>(গ) উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ বা রূপান্তর;<br>(ঘ) প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং; | ধারা-52<br>বিধি-16 | (i) সরকার বা এর সকল ইউনিটসহ যেকোন কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারী সংস্থা, যার কার্যক্রম কোন আইন, অধ্যাদেশ, আদেশ বা বাংলাদেশে প্রচলিত কোন আইনী দলিলবলে অনুমোদনপ্রাপ্ত;<br>(ii) কোন প্রোজেক্ট, প্রোগ্রাম বাকর্মকান্ড যেক্ষেত্রে সরকারের কোনরূপ আর্থিক বা পরিচালনাগত সংশ্লিষ্টতা বিদ্যমান;<br>(iii) কোন জয়েন্ট ভেঞ্চার বা কনসোর্টিয়াম;<br>(iv) অধ্যাদেশের ধারা ২ এর দফা (২০) এ সংজ্ঞায়িত কোন কোম্পানী;<br>(v) কোন কো-অপারেটিভ ব্যাংক;<br>(vi) কোন কো-অপারেটিভ সোসাইটি;<br>(vii) আর্থিক প্রতিষ্ঠান;<br>(viii) এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধনপ্রাপ্ত কোন বেসরকারী সংস্থা অথবা মাইক্রো ক্রেডিট রেগুলেটরী অথরিটি হতে লাইসেন্সপ্রাপ্ত কোন মাইক্রো ক্রেডিট সংস্থা;<br>(ix) কোন স্কুল, কলেজ, ইনস্টিটিউট বা কোন বিশ্ববিদ্যালয়;<br>(x) কোন হাসপাতাল, ক্লিনিক বা কোন ডায়াগনষ্টিক সেন্টার;<br>(xi) কোন ট্রাষ্ট বা ফান্ড;<br>(xii) কোন ফার্ম;<br>(xiia) কোন ব্যাক্তি সংঘ;<br>(xiii) কোন পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ;<br>(xiv) কোন বিদেশী ঠিকাদার, বিদেশী এন্টারপ্রাইজ বা কোন এসোসিয়েশন বা বডি যা বাংলাদেশের বাইরে স্থাপিত;<br>(xv) উপরে বর্ণিত হয়নি আইনসৃষ্ট এরূপ কোন কৃত্রিম ব্যক্তি; | (ক) টাঃ ৫০ লক্ষ পর্যন্ত ৩% হারে।<br>(খ) টাঃ ৫০ লক্ষ থেকে টাঃ ২ কোটি পর্যন্ত ৫% হারে।<br>(গ) টাঃ ২ কোটির উর্ধ্বে ৭% হারে<br>*নোটঃ*<br>*করহার ৫০% বেশি হবে যদি ঠিকাদার ব্যাংক ট্রান্সফার বা মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত অন্য যে কোন ডিজিটাল মাধ্যমে বিল গ্রহণ না করে।* |
| ৩। | রয়্যালটিজ, ফ্র্যাঞ্চাইজ, লাইসেন্স ফি, ব্র্যান্ড নাম, পেটেন্ট, ইনভেনশন, ফর্মুলা, প্রসেস, মেথড, ডিজাইন, প্যাটার্ন, know-how, কপিরাইট, ট্রেডমার্ক, ট্রেড নাম, সাহিত্যানুগ বা সঙ্গীতধর্মী বা শৈল্পিক রচনা, সার্ভে, স্টাডি, ফোরকাস্ট, এস্টিমেট, গ্রাহক তালিকা ইত্যাদিসহ অন্যান্য সকল intangibles ব্যবহার | ধারা-52A | ঐ | (ক) ভিত্তি মূল্য টাঃ ২৫ লক্ষ পর্যন্ত ১০% হারে<br>(খ) ভিত্তি মূল্য টাঃ ২৫ লক্ষের উর্ধ্বে ১২% হারে |
| ৪। | (১) উপদেষ্টা অথবা কনসালটেন্সি সার্ভিস<br>(২) পেশাগত সার্ভিস, কারিগরি সার্ভিসেস ফি, কারিগরি সহায়তা ফি (ডাক্তার কর্তৃক প্রদত্ত পেশাগত সার্ভিস ব্যতীত) | ধারা-52AA | ঐ | (ক) ভিত্তি মূল্য টাঃ ২৫ লক্ষ পর্যন্ত ১০% হারে<br>(খ) ভিত্তি মূল্য টাঃ ২৫ লক্ষের উর্ধ্বে ১২% হারে |
| ৫। | (৩) পেশাগত সার্ভিস (ডাক্তার কর্তৃক প্রদত্ত) | ধারা-52AA | ঐ | (ক) ভিত্তি মূল্য টাঃ ২৫ লক্ষ পর্যন্ত ১০% হারে<br>(খ) ভিত্তি মূল্য টাঃ ২৫ লক্ষের উর্ধ্বে ১২% হারে |
| ৬। | (৪) ক্যাটারিং সার্ভিস, ক্লিনিং সার্ভিস, কালেকশন এন্ড রিকভারী সার্ভিস; প্রাইভেট সিকিউরিটি সার্ভিস; জনবল সরবরাহ সার্ভিস; ক্রিয়েটিভ মিডিয়া সার্ভিস; পাবলিক রিলেশন/জনসংযোগ সার্ভিস; ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস; প্রশিক্ষণ, ওয়ার্কশপ, ইত্যাদি আয়োজন ও ব্যবস্থাপনা সার্ভিস; বা অনুরূপ অন্যান্য সার্ভিস<br>(৫) মিডিয়া বায়িং এজেন্সি সার্ভিস<br>(৬) ইন্ডেটিং কমিশন<br>(৭) মিটিং ফিস, ট্রেনিং ফিস বা সম্মানী<br>(৮) ক্রেডিট রেটিং সার্ভিস<br>(৯) মোটর গ্যারেজ ও ওয়ার্কশপ<br>(১০) প্রাইভেট কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড সার্ভিস<br>(১১) শিপিং এজেন্সি কমিশন<br>(১২) স্টিভেডরিং/বার্থ অপারেশন কমিশন<br>(১৩) পরিবহন সার্ভিস, ক্যারিং সার্ভিস, | ধারা-52AA | ঐ | ক) <u>কমিশন/ফি এর উপর</u><br>i) টা: ২৫ লক্ষ পর্যন্ত ১০% হারে<br>ii) টা: ২৫ লক্ষের উর্ধ্বে ১২% হারে<br>খ) <u>গ্রস বিলের উপর</u><br>i) টা: ২৫ লক্ষ পর্যন্ত ১.৫% হারে<br>ii) টা: ২৫ লক্ষের উর্ধ্বে ২% হারে |
| | যানবাহন রেন্টাল সার্ভিস, রাইড শেয়ারিং সার্ভিস<br>(১৪) ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Chapter VII এর সুনির্দিষ্টকৃত নয় এমন যে কোন সেবা | | | |
| ৭। | (১৫) **Wheeling charge for electricity transmission** পরিশোধকালে উৎসে কর কর্তন | ধারা 52AA | ঐ | ভিত্তি মূল্য ২৫ লক্ষের সমান বা কম হলে ২% ও ২৫ লক্ষের উপর হলে ৩% |
| ৮। | সি এন্ড এফ কমিশন | ধারা-52AAA | কমিশনার অব কাস্টম্স | ১০% হারে |
| ৯। | অ-যান্ত্রিক সিগারেট (বিড়ি) প্রস্তুতকারক | ধারা-52B | ব্যান্ডরোল বিক্রয়কারী কর্তৃপক্ষ | ব্যান্ডরোল এর মূল্যের উপর ১০% হারে |
| ১০। | অধিগ্রহণকৃত সম্পত্তির বিপরীতে ক্ষতিপূরণ প্রদান | ধারা-52C | ক্ষতিপূরণ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ক) সিটি কর্পোরেশন, পৌরসভা, ক্যান্টনমেন্ট পবার্ড এলাকার জন্য ৬% হারে<br>খ) অন্যান্য এলাকার জন্য ৩% হারে |
| ১১। | সঞ্চয়পত্রের সুদ | ধারা-52D | সুদ প্রদানকারী কর্তৃপক্ষ | প্রদেয় সুদের উপর ১০% হারে, তবে পেনশনার সঞ্চয়পত্রের পুঞ্জিভূত বিনিয়োগের পরিমাণ টাঃ ৫ লক্ষ অতিক্রম না করলে উৎসে কর প্রযোজ্য নয়। |
| ১২। | ইট প্রস্তুতকারক | ধারা-52F | জেলা প্রশাসক | ক) এক সেকশন টাঃ ৪৫,০০০,<br>খ) দেড় সেকশন টাঃ ৭০,০০০,<br>গ) দুই সেকশন টাঃ ৯০,০০০,<br>ঘ) যন্ত্রচালিত টাঃ ১,৫০,০০০ |
| ১৩। | ট্রাভেল এজেন্ট | ধারা-52JJ | ট্রাভেল এজেন্ট কর্তৃপক্ষ | টিকেট মূল্যের উপর ০.৩% হারে |
| ১৪। | সিটি কর্পোরেশন বা পৌরসভা কর্তৃক ট্রেড লাইসেন্স নবায়ন | ধারা-52K | সিটি কর্পোরেশন ও পৌরসভা | ক) রংপুর সিটি কর্পোরেশন টাঃ ২,০০০<br>খ) জেলা সদরের পৌরসভা টাঃ ১,০০০<br>গ) অন্যান্য পৌরসভা টাঃ ৫০০ |
| ১৫। | ফ্রেইট ফরওয়ার্ড এজেন্সি কমিশন | ধারা-52M | কমিশন প্রদানকারী কর্তৃপক্ষ/ব্যক্তি | ১৫% হারে |
| ১৬। | রেন্টাল পাওয়ার | ধারা-52N | বাংলাদেশ পাওয়ার ডিভলপমেন্ট বোর্ড | ৬% হারে |